# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

باب في الذي يفتي الناس في كل ما يستفتى

## আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، حَدَّثَنَا حُمَيْدٌ، عَنْ أَبِي رَجَاءٍ، عَنْ أَبِي الْمُهَلَّبِ،: أَنَّ أَبَا مُوسَى رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ، فِي خُطْبَتِهِ: «مَنْ عَلِمَ عِلْمًا، فَلْيُعَلِّمْهُ النَّاسَ، وَإِيَّاهُ أَنْ يَقُولَ مَا لَا عِلْمَ لَهُ بِهِ فَيَمْرُقَ مِنَ الدِّينِ وَيَكُونَ مِنَ الْمُتَكَلِّفِينَ

## বাংলা

১৮০. আবুল মুহাল্লাব হতে বর্ণিত, (একদা) আবু মুসা রাদ্বিয়াল্লাহু আনহু খুতবায় বলেন, যে ব্যক্তি কোন বিষয়ে জানে, সে যেন তা লোকদেরকে শেখায়। আর সে যেন এমন বিষয়ে কথা বলা থেকে বিরত থাকে, যে বিষয় তার জানা নেই। কেননা এর মাধ্যমে সে দীন থেকে বেরিয়ে যাবে এবং ভানকারীদের অন্তর্ভূক্ত হয়ে যাবে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর রাবীগণ বিশ্বস্ত, তবে এ সনদটি মুনকাতি’ বা বিচ্ছিন্ন। কেননা, আবু রিজা’ সালমান মাওলা আবী কিলাবাহ; তিনি আবী কিলাবার চাচা আবীল মুহাল্লাব হতে কিছু শোনেননি।

তাখরীজ: আমি এটা এ ব্যতীত অন্য কোথাও পাইনি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69491

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন